৭৫

দৈনিক সংবাদ

তারিখ 05 APR 1996
পৃষ্ঠা ৭৮ কলাম ১৮

ভাষার স্কুল

# ইংরেজি শেখায় ব্রিটিশ কাউন্সিল

আমাদের দেশে ইংরেজি ভাষা ও সাহিত্যের বিকাশের ক্ষেত্রে প্রথমেই যে প্রতিষ্ঠানটির নাম উল্লেখ করতে হয় সেটি হলো বৃটিশ কাউন্সিল।

১৯৫৩ সালে প্রতিষ্ঠালাভের পর থেকে এই প্রতিষ্ঠানটি ইংরেজি ভাষা শিক্ষার জন্য স্বল্প ও দীর্ঘমেয়াদী বিভিন্ন কোর্স পরিচালনা করে আসছে যা অত্যন্ত ফলপ্রসূ। এখানে প্রদত্ত কোর্সগুলো হলোঃ

১· জেনারেল ইংলিশ কোর্স ঃ ইংরেজি ভাষায় যারা প্রাথমিক অবস্থানে আছেন তাদের জন্য এই কোর্সটি ফলদায়ক। ইংলিশের স্ট্রাকচারাল ডেভেলপমেন্ট-এর পাশাপাশি বলা ও লেখার দক্ষতা বৃদ্ধির ওপর জোড় দেয়া হয় এই কোর্সে। এই কোর্সটি কয়েকটি সেশনে সারাবছর ধরে চলে। প্রতিটি সেশনের মেয়াদ ৪৮ ঘন্টা। সপ্তাহে তিন দিন ক্লাস, প্রতিটি ক্লাস দুই ঘন্টা মেয়াদী। কোর্স ফি ৮,৯৫০ টাকা। তবে প্রার্থীকে ২০০ টাকা জমা দিয়ে ফরম সংগ্রহ করতে হয় এবং ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে উত্তীর্ণ হতে হয়। তবে রেজিষ্ট্রারিং ছাত্রদের জন্য ১০০০ টাকা। টাকার ডিসকাউন্টের ব্যবস্থা আছে।

২· রাইটিং ফর প্রফেশনাল ঃ লেখাকে যারা পেশা হিসেবে বেছে নিতে চান তাদের জন্য এই কোর্সটি ফলদায়ক। রিপোর্ট ও প্রতিবেদন তৈরি, বিভিন্ন প্রকার লেটার, মেম ইত্যাদি ইংরেজি ভাষায় আধুনিক স্টাইলে লেখার দক্ষতা বৃদ্ধি এ কোর্সের উদ্দেশ্য। লেখার পাশাপাশি ভাষাশৈলী ও উচ্চারণের ওপর জোড় দেয়া হয়।

এ কোর্সে তারাই ভর্তি হবেন যাদের ইংরেজি ভাষায় প্রাথমিক ধারণা রয়েছে এবং যারা ফ্রি-হ্যান্ডে ইংরেজি লিখতে পারেন। কোর্সটির মেয়াদ আট সপ্তাহ। সপ্তাহে তিন দিন ক্লাস, প্রতিটি ক্লাস দুই ঘন্টা মেয়াদী। কোর্স ফি ৮,৯৫০ টাকা। ভর্তিইচ্ছুক প্রার্থীদের ২০০ টাকা জমা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হয় এবং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়।

৩· অফিস কমিউনিকেশন স্কীল কোর্স ঃ চাকরিজীবীদের জন্য দরকার হতে পারে এমন একটি কোর্স হলো অফিস কমিউনিকেশন স্কীল কোর্স। সাধারণত যেসব অফিসের কাজের মাধ্যম ইংরেজি অথবা ইংরেজির ব্যবহার প্রয়োজনীয় হতে পারে - এমন অফিসের কর্মচারীদের জন্য এই কোর্সটি গুরুত্বপূর্ণ।

এই কোর্সটির পাঠ্যসূচি মূলত প্রশাসনিক কর্মীদের কার্যাদির সাথে সম্পৃক্ত। সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের কর্মী, যাকে বিভিন্ন ক্লাইন্ট বা ভিজিটরদের সাথে কথা বলতে হয়, টেলিফোনে যোগাযোগ করতে হয়, বিভিন্ন ম্যাসেজ, লেটার ও অর্গনাইজেশন সিডিউল ও অ্যাপয়নমেন্ট ইত্যাদি কার্যাদি সম্পন্ন করতে হয় - এসব কাজ সম্পর্কিত ইংরেজি এই কোর্সে শেখানো হয়। যদিও এ কোর্সটি উচ্চ মাধ্যমিক স্তরের তথাপি কর্ম-সম্পর্কিত অনেক টেকনিক্যাল ওয়ার্ড ও স্ট্রাকচার এখানে শেখানো হয়।

কয়েকটি সেশনে কোর্সটি সারাবছর ধরেই চলে। প্রতিটি সেশনের মেয়াদ ৪৮ ঘন্টা। সপ্তাহে তিনদিন ক্লাস এবং প্রতিটি ক্লাস দুই ঘন্টা করে। এ কোর্সের জন্য প্রার্থীকে ৮,৯৫০ টাকা ফি জমা দিতে হবে। তবে প্রার্থীকে ২০০ টাকা জমা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে এবং একটি ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে উত্তীর্ণ হতে হবে।

৪· ল্যাংগুয়েজ এ্যাসেসমেন্ট সার্ভিসেস ঃ এটি একটি বিষয়ভিত্তিক ভাষা কোর্স। বিভিন্ন পরিবেশে, সামাজিক অনুষ্ঠানে, কর্মক্ষেত্রে যেসব ভাষা ব্যবহার করা হয় তার ওপর ভিত্তি করে এই কোর্সে পাঠদান করা হয়। শিক্ষা পদ্ধতি যা হোক না কেন এর মূল উদ্দেশ্য হলো ইংরেজি ভাষায় লেখা, পাঠ ও বলার দক্ষতা বৃদ্ধি করা। কর্মক্ষেত্র, ব্যবসা-বাণিজ্য ও একাডেমিক কার্যাদির ভাষার জ্ঞানার্জন ও ব্যক্তিকে স্বাবলম্ব করার জন্য এ কোর্সটির পরিচালনা করা হয়।

কোন্ প্রতিষ্ঠান বা সংস্থা তাদের কর্মচারী বা সদস্যদের ভাষাগত দক্ষতা বৃদ্ধির জন্য সমষ্টিগতভাবে এ কোর্সে অংশ নিতে হবে। এজন্য উক্ত প্রতিষ্ঠানের প্যাডে প্রতিষ্ঠান প্রধানকে বিস্তারিত জানিয়ে বৃটিশ কাউন্সিলকে চিঠি লিখতে হবে। এজন্য ফি দিতে হবে জনপ্রতি ৬০০ টাকা।

বৃটিশ কাউন্সিলের অধীনে সকল ভাষা কোর্স পরিচালনা করে 'দি বৃটিশ কাউন্সিল ট্রেনিং সেন্টার'। ঠিকানা হলো ঃ

৭৫৪/বি, সাত মসজিদ রোড
ধানমন্ডি, ঢাকা-১২০৫
ফোন ঃ ৩১৬১৭১, ৩১৬৫৪৫
ফ্যাক্স ঃ ৮১৬৫৫৪।
অভিভাবক প্রতিষ্ঠান হলো ঃ
দি বৃটিশ কাউন্সিল বাংলাদেশ
৫, ফুলার রোড, ঢাকা-১০০০
ফোন ঃ ৮৬৮৯০৫-৭, ৮৬৪৪৬৭-৮

এম কে মোর্শেদ